

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*

স-২৭১৫(আগরতলা, ১৪।১১)  
বিশালগড়, ১৪ নভেম্বর, ২০১৭

## বিশালগড়ে যুব উৎসব ও গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতার প্রস্তুতি

বিশালগড় পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব ও গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করার লক্ষ্যে পুর পরিষদের সভাগৃহে গতকাল এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন পূর্ণিমা চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত হয়, আগামী ১৫ ডিসেম্বর অফিসটিলাস্থিত বোধন মিলনায়তনে অনুষ্ঠিত হবে বিশালগড় পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব। এছাড়া, এদিনের সভায় সিদ্ধান্ত হয় আগামী ১১ ডিসেম্বর থেকে পুর পরিষদ এলাকার ১৫ টি ওয়ার্ডে শুরু হবে ওয়ার্ড ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা। প্রতিটি ওয়ার্ডকে দুটি জোনে ভাগ করে এই প্রতিযোগিতা হবে। ওয়ার্ড ভিত্তিক প্রতিযোগিতার পর জোন ভিত্তিক প্রতিযোগিতা শুরু হবে। যুব উৎসব ও গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতাকে সফল করে তুলতে সভা থেকে পূর্ণিমা চক্রবর্তীকে চেয়ারম্যান করে একটি প্রস্তুতি কমিটি গঠন করা হয়। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পুর পরিষদের কাউন্সিলারগণ, বিশালগড় মহকুমা ক্রীড়া আধিকারিক বিপ্লব কুমার দেব, বিভিন্ন বিদ্যালয়ের শারীর শিক্ষকগণ সহ এলাকার সংস্কৃতি ও ক্রীড়া প্রেমী ব্যক্তিগণ।

\*\*\*\*\*